

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৩৪.২৩ নথির বিষয়: Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-306,307 & 314 Area under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-306,307 & 314 Area under MODS Zone-3, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১০/৮/২৩ ৫:৩৯ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। ঢাকা ওয়াসার পয়ঃ লাইনে অসংখ্য পয়ঃ ম্যানহোল বিদ্যমান। অত্র মডস জোনের আওতাধীন DMA-306,307 & 314 এর অধীন লালমাটিয়া, মোহাম্মদপুরস্থ কাটাসুর, কাদেরাবাদ হাউজিং, জাফরাবাদ, শংকর, শেরেবাংলা রোড সহ তৎসংলগ্ন এলাকার অধিকাংশ এলাকার রাস্তা ব্যস্ততম হওয়ায় প্রতিনিয়ত প্রচুর পরিমাণ ভারী যান চলাচল করে থাকে। ফলে সিটি কর্পোরেশনের রাস্তায় বিদ্যমান ঢাকা ওয়াসার পয়ঃ পিট সমূহ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। অধিক ব্যস্ততম সড়কগুলোতে ভারী যানবাহনের চাপে পয়ঃ লাইনের ম্যানহোল কভার অত্যধিক হারে ভেঙ্গে যাওয়ায় স্কুল/কলেজের ছাত্র-ছাত্রী, ব্যবসা প্রতিষ্ঠানের লোকজন, পথচারী ও যানবাহন চলাচলে মারাত্মক অসুবিধার সৃষ্টি হচ্ছে। কভারবিহীন স্থানে যে কোন মূহুর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। ঢাকা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, মসজিদ/মন্দিরের তদারকির দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ, সামাজিক সংগঠনের সভাপতিসহ জনগনের নিকট হইতে ম্যানহোল কভার নাই/ভেঙ্গে গিয়েছে প্রসঙ্গে কভার লাগানোর জন্য মৌখিক/লিখিতভাবে অভিযোগ আসে। তাছাড়াও সিটি কর্পোরেশনের আঞ্চলিক কর্মকর্তাও কভার লাগানোর জন্য তাগাদা দেন। কাজগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২৩-২৪ অর্থ বছরের অত্র মডস জোনের অনুমোদিত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১০/৮/২৩ ৫:৪৭ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন বর্ণিত DMA-306,307 & 314 এর অধীন লালমাটিয়া, মোহাম্মদপুরস্থ কাটাসুর, কাদেরাবাদ হাউজিং, জাফরাবাদ, শংকর, শেরেবাংলা রোড সহ তৎসংলগ্ন এলাকায় পয়ঃ ম্যানহোল কভার স্থাপন/প্রতিস্থাপন, উচুকরণ কাজের লক্ষ্যে ঢাকা ওয়াসার সর্ব শেষ রেইট সিডিউল মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্ততকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৩,৭৯,৮৯৮.৩৯৭ (তিন লক্ষ ঊন আশি হাজার আটশত আটানব্বই পয়েন্ট নয় সাত) (ভ্যাট ট্যাক্স সহ) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) -তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B-14.2.1 এ অন্তর্ভুক্ত আছে। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহ্বানের জন্য CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০৩ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। খসড়া ক্যালকুলেশন শীট।
- ৩। প্রাক্কলণ।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১০/৮/২৩ ৫:৫০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বিস্তারিত বর্ণনার আলোকে **Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-306,307 & 314 Area under MODS Zone-3, Dhaka WASA** শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে :

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৩,৭৯,৮৯৮.৩৯৭ (তিন লক্ষ ঊন আশি হাজার আটশত আটানব্বই পয়েন্ট নয় সাত) (ভ্যাট ট্যাক্স সহ) টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;

খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)- তে CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহ্বান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B-14.2.1 এবং বাজেট বরাদ্দের “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করার সদয় অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।



১০/৮/২৩ ৬:২৭ অপরাহ্ন
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৮/২৩ ৯:৩০ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১২/৮/২৩ ৬:৩২ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১৩/৮/২৩ ১১:২০ পূর্বাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

১৩/৮/২৩ ১১:২০ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৮/২৩ ৭:১৬ অপরাহ্ন

অনুমোদিত



১৪/৮/২৩ ৭:১৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৬/৮/২৩ ৫:০৫ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১৭/৮/২৩ ১১:৪০ পূর্বাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২৮/৮/২৩ ৬:৫৪ পূর্বাহ্ন
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা